

জন্ম নিবন্ধন-সবার প্রয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প

পরিবহন পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯)

সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০

ওয়েব সাইট : br.lgd.gov.bd

স্মারক নং: স্বাসবি/ জমনিপ্র/ প্রপকা/ বিআরআইএস-১১/ ২০১১- ৫৩৮

তারিখ: ৬-৫-১৪১৮
২১-৮-২০১১

বিষয়: জন্ম নিবন্ধন সনদের ১৭ অংকের ব্যক্তি পরিচিতি নম্বর ব্যবহার প্রসঙ্গে।

অবহিত করা যাচ্ছে যে, জন্ম নিবন্ধন সনদের ১৭ অংকের ব্যক্তি পরিচিতি নম্বর ব্যবহার বাধ্যতামূলক হলেও কোন কোন নিবন্ধক কার্যালয় হস্তলিখিত জন্ম নিবন্ধন সনদে কমসংখ্যক জন্ম নিবন্ধন নম্বর ব্যবহার করছেন। কোন কোন ক্ষেত্রে আরএমও কোড চালু হওয়ার পূর্বে যে ১৬ অংকের ব্যক্তি পরিচিতি নম্বর প্রদান করা হয়েছিল তাই বজায় রয়েছে। ফলে, জন্ম নিবন্ধন সনদধারীগণ পাসপোর্ট প্রাপ্তি, ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি, জাতীয় পরিচয় পত্র প্রাপ্তি, শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি সহ বিভিন্ন প্রয়োজনীয় ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ ব্যবহার করতে যেয়ে বিড়ম্বনার সম্মুখীন হচ্ছেন। জনসাধারণের ভোগান্তি হ্রাসের জন্য ১৭ অংকের কম নম্বর সম্বলিত জন্ম নিবন্ধন সনদের ব্যক্তি পরিচিতি নম্বর পরিবর্তনের জন্য সনদধারী আবেদন করলে অতীব দ্রুত বিনা ফিসে তা ১৭ অংকে রূপান্তর করা আবশ্যিক। ১৭ অংকের ব্যক্তি পরিচিতি নম্বরের নমুনা চিত্র নিম্নরূপ:

জি ই ও কো ড						
ইউনিয়ন পরিষদ/ ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য	জন্ম বছরের খৃষ্টাব্দ সন ■ হাতে লিখা সনদে লিখে দিতে হবে	জেলা কোড	RMO	উপজেলা/ থানা কোড	ইউনিয়ন পরিষদ/ ক্যান্টনমেন্ট কোড	ব্যক্তির নম্বরের ধারাবাহিক সংখ্যা ■ হাতে লিখা সনদের ক্ষেত্রে লিখে দিতে হবে ■ অনলাইনভুক্ত সনদের ক্ষেত্রে সফটঅয়্যারে যুক্ত করতে হবে।
সিটি কর্পোরেশন/ পৌরসভার জন্য	■ অনলাইনভুক্ত সনদের ক্ষেত্রে সফটঅয়্যারে যুক্ত করতে হবে।	জেলা কোড	RMO	সিটি কর্পোরেশন/ পৌরসভা কোড	ওয়ার্ড নম্বর	
	৪ অংক	২ অংক	১ অংক	২ অংক	২ অংক	৬ অংক

যেসকল জন্ম নিবন্ধন সনদে আরএমও প্রদান করা নেই সেসকল সনদধারী সনদ দাখিল করলে সনদে, হস্তলিখিত রেজিস্টারে ও অনলাইন রেজিস্টারে উপযুক্ত স্থানে আরএমও কোড যুক্ত করতে হবে। উল্লেখ্য আরএমও কোডের বর্ণনা নিম্নরূপ:

আরএমও কোড- ইউনিয়ন পরিষদের জন্য ১, পৌরসভার জন্য ২, পৌরসভা নয় এমন উপজেলা সদর যে ইউনিয়নে অবস্থিত সেই ইউনিয়নের জন্য ৩, ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য ৫, ছিটমহলের জন্য ৭, নদী ভাঙ্গন বা লোকশূন্য এলাকার জন্য ৮ ও সিটি কর্পোরেশনের জন্য ৯;

যেসকল জন্ম নিবন্ধন সনদে জন্ম সন বা জিইও (জেলা, উপজেলা, প্রভৃতি) কোড যথাযথভাবে লিখিত নেই কিংবা ব্যক্তির ক্রমিক নম্বরের ধারাবাহিক সংখ্যা ৬ অংকের কম রয়েছে, সে সকল ক্ষেত্রে উপরের চিত্র অনুসরণ করে জন্ম সন, জিইও কোড ও ব্যক্তির ক্রমিক নম্বরের উপযুক্ত স্থানে প্রয়োজনীয় সংশোধন করতে হবে।

উপরে বর্ণিত মতে প্রয়োজ্য ক্ষেত্রে ১৭ অংকের ব্যক্তি পরিচিতি নম্বর সম্পূর্ণ করতে সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

কার্যার্থে:

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ... সিটি কর্পোরেশন (সকল)।
- ২। মেয়র, ... পৌরসভা (সকল)।
- ৩। ক্যান্টনমেন্ট এন্ডিকিউটিভ অফিসার, ... ক্যান্ট বোর্ড (সকল)।
- ৪। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ (সকল)।

জ্ঞাতার্থে:

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, পুরাতন গণভবন, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, ... (সকল)।
- ৫। জেলা প্রশাসক, ... (সকল)।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, ... (সকল)।
- ৭। চিফ, চাইল্ড প্রটেকশন সেকশন, ইউনিসেফ-বাংলাদেশ, ঢাকা।

(আ.ক.ম.সাইফুল ইসলাম চৌধুরী)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)।

☎ ৯৫৫৬৬০৬

☎ ৯৫৫২৩৮১

☎ ০১৭১৬ ২০৬৫৫৭

ইমেইল: onlinebris@gmail.com